

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
আদেশ

তারিখ : ২৩ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : বঙ্গবন্ধু টি২০ কাপ ২০২০ এর খেলাসমূহ দেশে-বিদেশে সরাসরি টেলিভিশনে সম্প্রচারের
লক্ষ্যে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রোডাকশন ব্যয়ের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর
(মূসক) হতে অব্যাহতি প্রদান।

নং ২৪/মূসক/২০২০।—যেহেতু, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু
টি২০ কাপ ২০২০ একটি জনপ্রিয় ক্রীড়া প্রতিযোগিতা ও উহার সহিত দেশের ভাবমূর্তি জড়িত এবং
বাংলাদেশ ক্রিকেট বোর্ড এ খেলাসমূহ দেশ-বিদেশে সরাসরি টেলিভিশনে সম্প্রচারের দায়িত্ব গ্রহণ
করিয়াছে—যাহা বাংলাদেশের ক্রিকেট ও দেশের জন্য গৌরবের ও সম্মানের; এবং

যেহেতু, এই টুর্নামেন্ট থেকে আয়লব্ধ অর্থ ক্রিকেটের অবকাঠামোগত উন্নয়নসহ সার্বিক উন্নয়নে
ভূমিকা রাখিবে এবং টিভি সম্প্রচারে আরো নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে টুর্নামেন্টকে বহির্বিশ্বে আরো
আকর্ষণীয় করিয়া উপস্থাপন করা সম্ভব হইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬
এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বঙ্গবন্ধু টি২০ কাপ ২০২০ এর খেলাসমূহ দেশ-বিদেশে
সরাসরি টেলিভিশনে সম্প্রচারের লক্ষ্যে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের নিজস্ব তত্ত্বাবধানে প্রোডাকশন ব্যয়
বাবদ M/S Real Impact Pvt. Ltd. India কে পরিশোধযোগ্য নীট ৬,৭৭,৫০০ (ছয় লক্ষ সাতাত্তর
হাজার পাঁচশত) মার্কিন ডলার হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে
অব্যাহতি প্রদান করিল :

(১৩৪৩৯)

মূল্য : টাকা ৪.০০

শর্তাবলি :

- (ক) বঙ্গবন্ধু টি২০ কাপ ২০২০ এর আয়োজন উপলক্ষে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক পরিশোধযোগ্য শুধুমাত্র সম্প্রচার ব্যয়ের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে;
- (খ) সম্প্রচার বাবদ M/S Real Impact Pvt. Ltd. India কে পরিশোধযোগ্য অর্থের যাবতীয় হিসাব বিবরণী বিসিবি কর্তৃক সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটকে অর্থ পরিশোধের দশ (১০) দিনের মধ্যে অবহিত করিতে হইবে; এবং
- (গ) সম্প্রচার কার্যক্রম ব্যতীত M/S Real Impact Pvt. Ltd. India কর্তৃক বাংলাদেশের অভ্যন্তরে গৃহীত অন্যকোনো সেবা বা পণ্য সরবরাহ গ্রহণের ক্ষেত্রে এই অব্যাহতি প্রযোজ্য হইবে না।

০২। উপরিউক্ত শর্তাবলি সঠিকভাবে প্রতিপালিত না হইলে প্রযোজ্য মূল্য সংযোজন কর আইনানুগ পন্থায় আদায়যোগ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন
প্রথম সচিব (মূসক নীতি)।